



মোহনপুর সরকারি উচ্চ বিদ্যালয়, মোহনপুর, রাজশাহী

ভর্তি বিজ্ঞপ্তি



স্মারক নং-মসউবি/২৫/১২৬

তারিখ: ১৮-১১-২০২৫ খ্রি.

২০২৬ শিক্ষাবর্ষে রাজশাহী জেলার মোহনপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণিতে লটারির মাধ্যমে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিকট থেকে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ভর্তি আবেদনের সময়:

আগামী ২১-১১-২০২৫ খ্রি. সকাল ১১.০০ টা হতে শুরু হয়ে ০৫-১২-২০২৫ খ্রি. বিকাল ৫.০০ টা পর্যন্ত। ১০০/- (একশত) টাকা ফি পরিশোধ করে অনলাইনে <https://gsa.teletalk.com.bd> তে আবেদন করা যাবে। কোটায় অথবা সহোদর হিসেবে আবেদনের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণ থাকা সাপেক্ষে সরকার নির্দেশিত “কোটা” উল্লেখ করতে হবে। এ ক্ষেত্রে লটারির মাধ্যমে নির্বাচিত হলে প্রয়োজনীয় কাগজপত্র লটারির ফল প্রকাশের ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে প্রধান শিক্ষকের কার্যালয়ে জমা দিতে হবে।

আসন সংখ্যা:

ষষ্ঠ শ্রেণি - ১১০ (একশত দশ) জন।

ফল প্রকাশ:

বিদ্যালয়ের ওয়েব সাইট www.mghsraj.edu.bd এবং উপজেলা নির্বাহী অফিসার, মোহনপুর, রাজশাহী এর কার্যালয়ে ফলাফল পাওয়া যাবে।

বি. দ্র. বিদ্যালয় হতে কোনো ভর্তি ফরম বিতরণ করা হবে না। অন-লাইনে ভর্তি আবেদন পূরণের সময় তথ্যগত সতর্কতা অবলম্বন করতে হবে। যাতে ভর্তির জন্য নির্বাচিত হলে ভর্তির সময় আবেদন কপির সাথে প্রয়োজনীয় কাগজপত্রাদির তথ্য এক ও অভিন্ন থাকে। তথ্যগত ত্রুটি থাকলে ভর্তি করা হবে না।

স্বা.

(মোঃ আনোয়ার হোসেন)

সদস্য সচিব

ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ-২০২৬)

ও

প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)

মোহনপুর সরকারি উচ্চ বিদ্যালয়

মোহনপুর, রাজশাহী

ফোন- ০২৫৮৮৮৬৯০১৮

স্বা.

(জোবায়দা সুলতানা)

সভাপতি

ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ-২০২৬)

ও

উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)

মোহনপুর, রাজশাহী

ফোন-০২৬৮৮৮৬৯০০২